

## ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

সোনালগাঁও জনপথ শাখা।

### অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে 'মেসার্স হাঙ্গি বিল্ডার্স' নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের অংশীদার (পার্টনার) জনাব মোঃ আওলাদ হোসেন,, পিতা- মৃত আঃ মান্নান, মাতা- হানুদা বেগম, ব্যবসায়িক ঠিকানা- দাগ নং- ৮১, ৮২, চন্ডালভোগ, নিশাত নগর, ডিয়াবাড়ী, তুরাগ, ঢাকা, বর্তমান ঠিকানা- ৫২/৮, পশ্চিম রাজাবাজার, ফার্মগেট, ঢাকা, স্থায়ী ঠিকানা- গ্রাম-দঃ শিমুলিয়া, পোঃ মেঘুলিয়া, থানা- দোহার, জেলা-ঢাকা, কর্তৃক ইউসিবি, সোনালগাঁও জনপথ শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০.০৬.২০১৭ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ১৮১.৬৫ লক্ষ (এক কোটি একাশি লব পয়ষড়ি হাজার) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য অগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

#### বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

- ১। ১৯৫.০০ শতাংশ জমি ঢাকা জেলার অন্সরগত থানা ও সাব-রেজিঃ অফিস-দোহার, মৌজা- শিমুলিয়া, পোঃ মেঘুলিয়া, জে এল নং সিএস ২৫২, আর,এস-৭৫, খতিয়ান নং সিএস-৯৯৩, ৯৯২, ১০৬২, এস.এ-৭৮১, ৮৪০, ৭৮০, আর,এস-২৭৫, ৪৫৯, ২৭৮; দাগ নং- সিএস এবং এস.এ-১৮৯০, ১৯৪৮, ১৯৪৭, ১৮৯১ আর,এস-৩৭১৫, ৩৭১৪, ৩৭১৩, ৩৭১৬, মিউটেশন খতিয়ান নং-২৭২৮, জোত নং- ২৭৯৪/১৯।
- ২। জেলা-ঢাকা, থানা ও সাব-রেজিঃ অফিস- তেজগাঁও, জে.এল নং সি.এস ও এস.এ-২৬২, আর.এস-০৬, মৌজা- রাজাবাজার, খতিয়ান নম্বর-সি.এস-০৭, এস.এ- ১৪২, আর.এস-১৫০, মহানগর জরীপ-১৪৩৩, দাগ নম্বর -সি.এস-১৫৩, এস.এ-৪৪, আর.এস- ১০৯০, ঢাকা মহানগর জরীপ-৩২৬৫ নং দাগের কাতে ০৫২৮ অয়ুতাংশ ভূমির উপর নির্মিত ০৯ (নয়) তলা বিশিষ্ট ভবনের ৪র্থ তলার পশ্চিম পার্শ্বের এ-৩ নং ফ্ল্যাট যাহার আয়তন কমনস্পেস সহ ১৩৫০ বর্গফুট সাথে একটি কার পার্কিং এবং উহার সহিত অবিভাজ্য জমির পরিমাণ ০০৬৬ অয়ুতাংশ। নামজারী খতিয়ান-২৬৬৯ নং, জোত নং-২৭৬৫।

#### নিলামের শর্তাবলী :-

- ১। আগামী ৩০.০৮.২০১৭ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, সোনালগাঁও জনপথ শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, সোনালগাঁও জনপথ শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।
- ৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিঃ দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিঃ সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিঃশ্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, সোনালগাঁও জনপথ শাখা।